

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ

বিজ্ঞপ্তি নং- ৪২ /নসক/২০২৪

তারিখ: ২৮/০৩/২০২৪ খ্রি.


২০২৪ সালের উচ্চ মাধ্যমিক রিটেভ/ডিটেভ/১বিষয়/২বিষয়/জিপিএ উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু পরীক্ষার্থীদের আগামী ০৯/০৪/২০২৪ খ্রি. তারিখের মধ্যে নিম্নলিখিত কাগজপত্র সহ পরীক্ষা শাখায় যোগাযোগ করে আবেদন ফরম সংগ্রহ করে যথাযথ পূরণ পূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ পরীক্ষা শাখায় জমা দানের জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

১। প্রয়োজনীয় কাগজপত্র :


- ক) রিটেভ/১বিষয়ে/২বিষয়ে পরীক্ষার্থীদের জন্য পূর্বের পরীক্ষার প্রবেশ পত্রের মূল কপি ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।
খ) ডিটেভ পরীক্ষার্থীদের জন্য সাদা কাগজে আবেদন করে পূর্বের যাবতীয় বকেয়া পরিশোধের রশিদের ফটোকপি ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি
গ) মান উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য ২০২৩ সালের পরীক্ষার মূল প্রবেশ পত্র, মূল একাডেমিক ট্রান্সক্রিপ্টের ফটোকপি ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।

২। প্রয়োজনীয় শর্তবলী :

- (ক) রিটেভ পরীক্ষার্থী ২০১৯-২০, ২০২০-২১ ও ২০২১-২২ শিক্ষাবর্ষে নিবন্ধনধারী শিক্ষার্থীদের মধ্যে যারা ২০২১, ২০২২ ও ২০২৩ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তারা ২০২৪ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় রিটেভ পরীক্ষার্থী হিসাবে অংশ গ্রহণের জন্য আবেদন করতে পারবে।
(খ) ডিটেভ ২০১৯-২০, ২০২০-২১ ও ২০২১-২২ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থীর বৈধ রেজিস্ট্রেশন আছে অথচ ইতিপূর্বে কোন সালের পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা ২০২৪ সালের পরীক্ষায় ডিটেভ পরীক্ষার্থী হিসাবে অংশ গ্রহণের জন্য আবেদন করতে পারবে।
(গ) যারা ২০২১, ২০২২ ও ২০২৩ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করে ১/২ বিষয়ে অকৃতকার্য হয়েছে এবং রেজিস্ট্রেশন মেয়াদ আছে তারা ২০২৪ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ১/২ বিষয়ের পরীক্ষার্থী হিসাবে অংশ গ্রহণের জন্য আবেদন করতে পারবে।
(ঘ) ২০২৩ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থী ইচ্ছা করলে রেজিস্ট্রেশন মেয়াদ থাকা সাপেক্ষে জি.পি.এ উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে ২০২৪ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় মান-উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অংশ গ্রহণের জন্য আবেদন করতে পারবে। তবে যে সকল পরীক্ষার্থী এক/দুই বিষয়ে পরীক্ষা দিয়ে ২০২৩ সালের এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারা কখনই জিপিএ উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
(ঙ) ২০১৯-২০২০ সেশনের পূর্বের রেজিস্ট্রেশন নম্বরধারী কোন পরীক্ষার্থী ২০২৪ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে ২০১৮-২০১৯ সেশনের এক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থী রেজিস্ট্রেশন নবায়ন করে এক বিষয়ের (চতুর্থ বিষয় বাদে) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।


২৮/০৩/২৪

অধ্যক্ষ
নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ।


২৮/০৩/২০২৪